দৈনিক ইত্তেফাক

৩০/৯/২০০১

তারিখ ... পৃষ্ঠা ৯ কলাম ৩....

কৃষি বিশ্ববিদ্যালয়

# বৈজ্ঞানিক কর্মকর্তা পদের নির্বাচনী পরীক্ষায় অনিয়মের অভিযোগ

কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনষ্টিটিউটের বৈজ্ঞানিক কর্মকর্তা পদের নির্বাচনী পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস ও ব্যাপক অনিয়মের অভিযোগ করিয়াছেন কৃষি বিশ্ববিদ্যালয়ের শতাধিক পরীক্ষার্থী কৃষিবিদ। গত ১৭ই সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে পরীক্ষার্থীরা প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ করেন। পরীক্ষার্থীরা বলেন, গত ১৪ই সেপ্টেম্বর ইনষ্টিটিউটের মৃত্তিকা পরীক্ষা গবেষণাগার স্থাপন প্রকল্পের বৈজ্ঞানিক কর্মকর্তা পদের নির্বাচনী পরীক্ষায় ব্যাপক অনিয়ম সংঘটিত হইয়াছে। অনিয়মের মধ্যে রহিয়াছে প্রশ্নপত্র ফাঁস, পরীক্ষা কেন্দ্রে ব্যাপক নকল ও কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিদের নকল সরব-রাহ। সাংবাদিক সম্মেলনে বক্তারা এই প্রতিষ্ঠানকে টিকাইয়া রাখার স্বার্থে নির্বাচনী পরীক্ষা বাতিল এবং তদন্ত করিয়া দোষী ব্যক্তিদের শাস্তি প্রদান করার দাবী জানান। সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন, কৃষিবিদ ছাইফুল সইলাম, নির্মল চন্দ্র সুত্রধর, হারুন অর রশিদ কামাল হোসেন, আবদুস সাত্তার প্রমুখ।